

পুরুলিয়া, মানকরে শুরু বিদ্যাসাগর মেলা



মানকরে বিদ্যাসাগর মেলার উদ্বোধন করেন সাহিত্যিক বুদ্ধদেব গুহ।

নিজস্ব সংবাদদাতা : পুরুলিয়া, ২৪শে ডিসেম্বর – প্রতিটি কর্মক্ষেত্রে সাক্ষরতা আন্দোলন পৌঁছে দেওয়ার আহ্বান জানিয়ে বৃহস্পতিবার শুরু হলো পুরুলিয়া জেলা বিদ্যাসাগর মেলা। বঙ্গীয় সাক্ষরতা প্রসার সমিতি ও বিদ্যাসাগর ফাউন্ডেশনের উদ্যোগে পুরুলিয়া ১নম্বর ব্লকের ভুঁড়ুকুতে এই মেলা চলবে ২৮শে ডিসেম্বর পর্যন্ত। মেলার উদ্বোধন করেন স্বাধীনতা সংগ্রামী চিত্তভূষণ দাশগুপ্ত। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিশিষ্ট সমুদ্রবিজ্ঞানী ও বিদ্যাসাগর ফাউন্ডেশনের সম্পাদক আনন্দগোপাল মুখোপাধ্যায়, স্বাধীনতা সংগ্রামী মালতী দাশগুপ্ত, পুরুলিয়া ২নম্বর পঞ্চায়েত সমিতির সভাপতি সদানন্দ দাস, মেলা কমিটির আহ্বায়ক পদ্মাবতী মাহাতো, সমাজসেবী নিশিকান্ত মেহেতা প্রমুখ। সভা পরিচালনা করেন সাম্যপ্যারী মাহাতো। এর আগে বিদ্যাসাগর আবাসিক বালিকা বিদ্যালয় ক্যাম্পাসে বিদ্যাসাগরের আবক্ষ মূর্তির উন্মোচন করেন প্রধান শিক্ষিকা দীপালি ঝা। নারী শিক্ষায় একসময় পিছিয়ে থাকা পুরুলিয়া জেলার মেয়েরা আজ শিক্ষায়

আলোয় আলোকিত। তারা প্রচলিত কুসংস্কারের বিরুদ্ধে রুখে দাঁড়াচ্ছে। বাবা-মা, তথা সমাজপতিদের বিরুদ্ধে প্রতিবাদী হয়ে উঠছে তারা। বিদ্যাসাগরের লক্ষ্য ছিলো নারী শিক্ষার প্রসার। তিনি আজও প্রাসঙ্গিক। সকল বক্তার কথাতেই উঠে এলো একই সুর। বিদ্যাসাগর ফাউন্ডেশনের পক্ষ থেকে সংবর্ধনা জানানো হয় দুই স্বাধীনতা সংগ্রামী চিত্তভূষণ দাশগুপ্ত ও মালতী দাশগুপ্তকে।

মানকর : বৃহস্পতিবার মানকরেও অনুষ্ঠিত হলো বিদ্যাসাগর মেলা। মেলার সূচনা হয় বর্ণাঢ্য পদযাত্রার মধ্য দিয়ে। মানকর উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে মেলার উদ্বোধন করেন সাহিত্যিক বুদ্ধদেব গুহ। অনুষ্ঠানে এছাড়াও বক্তব্য রাখেন সাহিত্যিক যতীন্দ্র চট্টোপাধ্যায়, সাংসদ সাইদুল হক, বর্ধমান জেলা প্রাথমিক বিদ্যালয় শিক্ষা সংসদের সভাপতি নিহার রক্ষিত। মেলা প্রাঙ্গণে বইমেলার উদ্বোধন করেন সাইদুল হক। ১৪টি প্রকাশনা সংস্থা মেলায় অংশ নিয়েছে। মেলায় প্রতিদিন থাকছে নাটক, আলোচনা সভা, লোকসংস্কৃতির নানা অনুষ্ঠান। মেলা চলবে ৩০শে ডিসেম্বর পর্যন্ত।